**ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ**
**লক্ষীপুর শাখা।**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, **মেসার্স বিজলী ট্রের্ডাস** নামীয় ব্যবসা প্রতিষ্টানের স্বত্ত্বাধিকারীর **জনাব রাজেন্দ্র কুমার সাহা** পিতাঃ জ্যোতিষ চন্দ্র সাহা, মাতাঃ বিজলী প্রভা সাহা, **ব্যবসায়িক ঠিকানাঃ** থানা রোড, সদর, লক্ষীপুর **বর্তমান ঠিকানাঃ** পার্শ্বনাথ সাহা বাড়ী, গ্রামঃ বাঞ্চানগর ডাকঃ লক্ষীপুর সদর-৩৭০০, লক্ষীপুর, **স্থায়ী ঠিকানাঃ** পার্শ্বনাথ সাহা বাড়ী, গ্রামঃ বাঞ্চানগর ডাকঃ লক্ষীপুর সদর-৩৭০০, লক্ষীপুর, কর্তৃক **ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, লক্ষ্মীপুর শাখা** হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩১.০১.২০২০ ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা **মোট ৭২,০২, ৪০৫.৬২ (বাহাত্তর লক্ষ দুই হাজার চারশত পাঁচ টাকা বাষট্রি পয়সা)** টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল**

১। জেলা- লক্ষ্মীপুর, থানা- লক্ষ্মীপুর সদর, জে,এল নং-৬৩ , **মৌজা- বাঞ্চানগর,** খতিয়ান নং- পি,এস- ৪০৭,২৯৮, এম,আর,আর - ৩৫৫, ২৮৯, **মিউটেশন** - ৮১৭২ , দাগ নং- ১৬১৮২, ১৬১৮১। মোট ০.৭০ শতাংশ জমি (চান্দিনা ভিটা) তদুরপস্থিত দ্বি-তল বানিজ্যিক ভবন পরিমাপ ৪৭২ বর্গফুট যাহা লক্ষ্মীপুর পৌরসভার অন্তর্গত এবং যাহার উত্তরে- মিঃ খিতিশ চন্দ্র পাল, দক্ষিনে - মিঃ বরুন কুমার রায়, পুর্বে- মিঃ খিতিশ চন্দ্র পাল এবং পশ্চিমে- লক্ষীপুর পুলিশ স্টেশান রোড ।

২। জেলা- লক্ষ্মীপুর, থানা- লক্ষ্মীপুর সদর, জে,এল নং-৬৩ , **মৌজা- বাঞ্চানগর,** খতিয়ান নং -পি,এস-১৮৬৬, এম, আর,আর- ১৫২২, মিউটেশন- ৩৪১৩, দাগ নং- ৬৫৬২, ৬৫০৪। মোট ৪৮.৫০ শতাংশ জমি (১৫.০০ শতাংশ উচু জমি যাহা আধা পাকা ভবন ও ৩৩.৫০ শতাংশ খালি জমি) যাহা লক্ষ্মীপুর পৌরসভার অন্তর্গত এবং যাহার উত্তরে- যোতিশ চন্দ্র সাহা ও অন্যান্য, দক্ষিনে- নিজ, পুর্বে-নিজ,এবং পশ্চিমে- নিজ,( সীমানা দাগ নং- ৬৫৬২ ) এবং যাহার উত্তরে- আসওয়ানি চক্রবর্তি ও অন্যান্য, দক্ষিনে- আবদুল খালেক ও অন্যান্য, পুর্বে-আবদুল খালেক এবং পশ্চিমে-সদির সাহা ও অন্যান্য ( সীমানা দাগ নং- ৬৫০৪) ।

**নিলামের শর্তাবলী ঃ-**

১। আগামী ০২.০৩.২০২০ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, লক্ষীপুর শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে

উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, লক্ষীপুর শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে ।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, - লক্ষীপুর শাখা।**